দৈনিক জনকণ্ঠ

তারিখ 20 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

# জবি 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা ২২ সেপ্টেম্বর

**জবি ও শাবি সংবাদদাতা ॥** জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা একযোগে আটটি পরীক্ষা কেন্দ্রে শুরু হবে ২২ সেপ্টেম্বর। ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। এবার 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষায় ৭৭৮টি আসনের বিপরীতে ১৮,৭৬৩ জন পরীক্ষার্থী অংশ নেবে। এতে প্রতি আসনের বিপরীতে প্রায় ২৪ জন শিক্ষার্থী প্রতিযোগিতা করবে। পরীক্ষার্থীকে প্রিন্টকৃত প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। পরীক্ষার আসনবিন্যাসসহ ভর্তি সংশ্লিষ্ট বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে।

**শাবির ভর্তি পরীক্ষা ১৮ নবেম্বর**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১৮ নবেম্বর অনুষ্ঠিত হবে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ১৪৯তম সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিকেল ৩টায় উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমদের সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের সভা শুরু হয়। সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. কবির হোসেন বলেন, সভায় সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আব্দুল গণিকে সভাপতি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এ্যান্ড পলিমার সায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক মহিবুল আলমকে সদস্য সচিব করে ৩১ সদস্যের 'ভর্তি কমিটি' গঠন করা হয়েছে। কমিটিকে যথাসম্ভব শীঘ্রই কার্যক্রম শুরু করার জন্য বলা হয়েছে বলে জানান তিনি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর